

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায়: বাংলাদেশ থেকে হজের সফর : প্রয়োজনীয় দিকনির্দেশনা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## হজ যাত্রীদের করণীয়

১. স্বাস্থ্য পরীক্ষা : স্বাস্থ্য পরীক্ষা ও মেনিনজাইটিস প্রতিরোধক টিকা বাধ্যতামূলক। স্বাস্থ্য পরীক্ষা ও টিকা নিয়ে মেডিকেল সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। জেলা পর্যায়ে ও হাজী ক্যাম্পে এর সুষ্ঠু ব্যবস্থা রয়েছে। মেডিকেল সার্টিফিকেট ছাড়া কেউ হজে যেতে পারবেন না।

## ২. হজ প্রশিক্ষণ:

- সরকারী ব্যবস্থাপনায় হজ পালনেচছুদের জন্য ১ম পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশনের জিলা ও বিভাগীয় কার্যালয়গুলোতে সুবিধা মত সময়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। ২য় পর্যায়ে হজ য়াত্রার ৩ দিন আগে হজ ক্যাম্পে অবস্থানকালে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।
- বেসরকারী হজ এজেনিগুলোর কোন কোনটি ব্যক্তিগত উদ্যোগে সৌদি আরব গমনের পূর্বেই
  একদিনব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। এসব প্রশিক্ষণ প্রোগ্রামে মনোযোগের সাথে অংশগ্রহণ
  করা উচিত। এ ছাড়াও কোন কোন বিজ্ঞ আলেম অথবা মসজিদ কর্তৃপক্ষ হজ প্রশিক্ষণের ব্যবস্থা করে।
  সেখানেও অংশ গ্রহণ করা উচিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7478

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন